

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে  
প্রথম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী (জুলাই-সেপ্টেম্বর, ২০২২)

সভাপতি	মোঃ আবুল বাসার সিদ্দিক আকন পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	২৫-০৯-২০২২ খ্রি.
সভার সময়	সকাল ৮:৪৫ টা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জিআরএস ফোকাল পয়েন্ট মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) আলোচ্যসূচি অনুযায়ী সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। তিনি বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা রয়েছে। তিনি বলেন ১ম ত্রৈমাসিকে (জুলাই-সেপ্টেম্বর) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং আপিল কর্মকর্তা পরিবর্তন হয়নি। সভাপতি প্রথম কোয়ার্টারে কোনো অভিযোগ দাখিল হয়েছে কিনা জানতে চাইলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, ০১ জুলাই- ২৪ সেপ্টেম্বর, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বিএমডিতে প্রচলিত কিংবা অনলাইনে কোনো অভিযোগ দাখিল হয়নি। সভাপতি অফলাইনে/অনলাইনে অভিযোগ দাখিল করা হলে তা নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করার উপর গুরুত্বারূপ করেন। এ ছাড়া, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী লক্ষ্যমাত্রাসমূহ যথাসময়ে বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন।

অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র. নং	কার্যক্রম/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	[১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ;	ওয়েবসাইট ও জিআরএস সফটওয়্যার হালনাগাদ রাখতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/আইসিটি কর্মকর্তা
	[১.২] নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে	সংশ্লিষ্ট কর্মকর্তা
	[১.৩] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ;	অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.	[২.১] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	ত্রৈমাসিক ভিত্তিতে অভিযোগ নিষ্পত্তি পরিবীক্ষণ করতে হবে এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

২.০ সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*Handwritten signature*

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন  
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.২৭.০০৪.১২(অংশ-২).৪১৪

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯  
২৭ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ২) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা।

*Handwritten signature*

আজিজুল হক  
সহকারী পরিচালক (ভূ-রসায়ন)